

■■ মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৪৬১৯

পর্ব-২৪: স্বপ্ন (كتاب الرؤيا)

পরিচ্ছেদঃ প্রথম অনুচ্ছেদ

الْفَصلُ الْأُوَّلُ

আরবী

وَعَنْ أَبِي هُرَيْرَةَ قَالَ: قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: «بَيْنَا أَنَا نَائِمٌ بِخَزَائِنِ الْأَرْضِ فَوُضِعَ فِي كَفَّيَّ سِوَارَانِ مِنْ ذَهَبٍ فَكَبُرَا عَلَيَّ فَأُوحِيَ إِلَيَّ أَنِ انْفُخْهُمَا فَنَفَخْتُهُمَا فَنَفَخْتُهُمَا فَذَهَبَا فَأَوَّلْتُهُمَا الْكَذَّابَيْنِ اللَّذَيْنِ أَنَا بَيْنَهُمَا صَاحِبَ صَنْعَاءَ وَصَاحِبَ الْيَمَامَةِ» . مُتَّفَقُ عَلَيْهِ. وَفِي رِوَايَةٍ: «يُقَالُ لِأَحَدِهِمَا مُسَيْلِمَةُ صَاحِبُ الْيَمَامَةِ وَالْعَنْسِيُّ صَاحِبُ صَنْعَاءَ» لَمْ أُجِدْ هَذِهِ الرِّوَايَةَ فِي (الصَّحِيحَيْنِ) وَذكرهَا صَاحب الْجَامِع عَن التِّرْمِذِي

বাংলা

৪৬১৯-[১৪] আবৃ হুরায়রা (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, রস্লুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ একদিন আমি ঘুমিয়ে ছিলাম, (স্বপ্নে) পৃথিবীর ধনভাণ্ডার আমার সামনে উপস্থিত করা হলো। আর আমার হাতে দু'টি সোনার বালা রাখা হলো যাতে আমি বড়ই অস্বস্তিকর বোধ করলাম। এমতাবস্থায় আমাকে ওয়াহীর মাধ্যমে জানানো হলো যেন আমি বালা দু'টিতে ফুঁক মারি। সুতরাং আমি ফুঁক দিলাম, সাথে সাথে উভয়টি উড়ে গেল। আমি দু'টি বালার তা'বীর করেছি দু'জন মিথ্যাবাদী দ্বারা, যে দু'জনের মাঝখানে আমি রয়েছি। তাদের একজন সন্'আবাসী আর অপরজন ইয়ামামাবাসী। (বুখারী ও মুসলিম)[1]

অন্য বর্ণনায় রয়েছে, এদের একজন মুসায়লামাহ্, সে ইয়ামামার অধিবাসী। অপরজন হলো (আসওয়াদ) আনাসী, সে হলো সন্'আ-এর অধিবাসী। মিশকাত গ্রন্থকার বলেনঃ এ হাদীস বুখারী ও মুসলিমে আমি পাইনি। তবে জামি'উল উসূলের প্রণেতা এটা তিরমিয়ী হতে বর্ণনা করেছেন।

ফুটনোট

[1] সহীহ : বুখারী ৪৩৭৫, ৭০৩৭; মুসলিম (২২৭৪)-২২, আহমাদ ৮২৪৯, বায়হাকী ১৭১৭১, আল জামি'উস্



সগীর ৫১৬৯, সহীহুল জামি' ২৮৫৮, তিরমিযী ২২৯২।

ব্যাখ্যা

ব্যাখ্যাঃ রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর উক্তি: "একদিন আমি ঘুমিয়ে ছিলাম, (স্বপ্নে) পৃথিবীর ধনভাণ্ডার আমার সম্মুখে উপস্থিত করা হলো" অর্থাৎ আমার সামনে পৃথিবীর ধনভান্ডারের চাবি উপস্থিত করা হয়েছিল। কেউ কেউ বলেছেন, আমার সামনে গচ্ছিত সম্পদের প্রকারসমূহ উপস্থাপনা করা হয়েছে। হাদীস হতে জানা যায়, নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর জীবদ্দশায় দু'জন ভন্ত ও মিথ্যা নুবুওয়াতের দাবি করেছিল। একজন হলো ইয়ামামাহ্ শহরের মুসায়লামাহ্ কায্যাব। আর দ্বিতীয়জন হলো সন্আ' অধিবাসীর আসওয়াদ আল আনাসী, যাকে আবু বকর -এর খিলাফাতকালে সমূলে ধ্বংস করে দেয়া হয়। (মিরক্লাতুল মাফাতীহ)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি 🛘 বর্ণনাকারীঃ আবৃ হুরায়রা (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন